মিরপুরে আনসার আল ইসলামের ৩ সদস্য আটক

রাজধানীর মিরপুরের রূপনগর আবাসিক এলাকায় অভিযান চালিয়ে নিষিদ্ধ জঙ্গি সংগঠন আনসার আল ইসলামের তিন সদস্যকে আটক করেছে পুলিশের অ্যান্টি টেরোরিজম ইউনিট।

আটককৃত হলেন- আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া, কিবরিয়া ও আহম্মদ আলী।

শুক্রবার দিনগত রাত দেড়টার দিকে রূপনগর আবাসিক এলাকার ২৮ নম্বর রোডের ২৩ নম্বর বাড়ি থেকে তাদের আটক করা হয়।

এসময় দেশীয় অস্ত্র, বিস্ফোরণের ধ্বংসাবশেষ এবং বিপুল পরিমাণ জিহাদি বই উদ্ধার করা হয়েছে বলে দাবি করেছে পুলিশ।

অ্যান্টি টেরোরিজম ইউনিটের পুলিশ সুপার মো. মাহিদুজ্জামান জানান, রাতে অভিযান চালিয়ে তিনজনকে আটক করা হয়েছে। তারা আনসার আল ইসলামের সক্রিয় সদস্য।

তিনি দাবি করেন, আটকের সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে সংগঠনটির সদস্যরা বিস্ফোরণ ঘটায় এবং দেশীয় অস্ত্রসহ আক্রমণ করে। পুলিশ আত্মরক্ষার্থে পাল্টা সাত রাউন্ড গুলি ছোড়ে।

এ সময় জঙ্গি সদস্যদের দায়ের কোপে পুলিশের তিনজন সদস্য আহত হয়েছেন। ঘটনাস্থল থেকে জঙ্গি জাকারিয়াকে গুলিবিদ্ধ অবস্থায় আটক করা হয়েছে।